


# ছড়ায় ছড়ায় ইসলাম

ডা. মুহাম্মদ মোয়াজ্জেম হোসেন (মঞ্জুর)

www.pathagar.com

# আল্লাহ্

আব্বু তুমি বলতে পার
আল্লাহ্ মানে কি?
আল্লাহ্ হলেন সবার প্রভু
তাও বুঝনি!

সারা জাহান দেখ চেয়ে
তাঁর নিয়মই মানে
আমরা অবুঝ বসে আছি
যায় না কথা কানে।



www.pathagar.com

# আল্লাহ্

গাছ-গাছালী, পাক-পাখালী
গাইছে খোদার গান
আমরা অবুঝ ভাবি শুধু
যায় যে তাতে মান।

খোদার হুকুম করে পালন
হতে পার ধন্য
পাবে শান্তি দু'জাহানে
করবে সবাই মান্য।

www.pathagar.com




# আল্লাহ্

চন্দ্র-সূর্য, গ্রহ-তারা
চলছে যেমন করে
এসো মোরা চলতে শিখি
জান্নাতেরই তরে।

জান্নাত হ'ল মহান প্রভুর
সৃষ্টি সেরা দান
জাহান্নামের আজাব হ'ল
খোদা দ্রোহীর স্থান।


www.pathagar.com

## রাসূল (সা)

রাসূল এলেন ধরার বুকে
গড়তে খোদার রাজ
মুসলমানে হেলায় ছাড়ে
সেই না মহান কাজ।

রক্ত চুষে মরু বালি
হল যবে ক্ষিপ্ত
দয়ার সাগর চাহেন ক্ষমা
নয়ন অশ্রু সিক্ত।

www.pathagar.com

# রাসূল (সা)

রাসূল হলেন নেতা মোদের
মানতে হবে তাঁকে
ওমর-আলী, আবু বকর
মানতো নেতা যাকে।

দুনিয়াটা গড় যদি
নেতার কথা মত
শান্তি পাবে সব মানুষে
যাবে দুঃখ যত।

www.pathagar.com

# কোরআন

কোরআন হল খোদার বাণী
সবার সেরা গ্রন্থ
চলার পথে নির্দেশিকা
নয়কো যাদু-মন্ত্র।

তোমরা যারা খুঁজে ফের
জীবন গড়ার শিক্ষা
হেতা-হোতা নয় কোথাও
নাও কোরআনের দীক্ষা।

www.pathagar.com

# ঈমান

ঈমান-আমল নয়কো কারো
বেচা-কেনার পণ্য
এনে ঈমান খোদার তরে
জীবন কর ধন্য।

ঈমানদারের তাগুতমানা
নয়কো যেমন কাম্য
গড়ে ঈমান কর কায়েম
ইসলামী সাম্য।

www.pathagar.com

## নামাজ

ঈমান বলে মুমেন তুমি
করবে কায়েম নামাজ
নামাজ দিয়েই গড়তে হবে
মুসলমানের সমাজ।

নামাজও নাই, ঈমানও নাই
এটা যেমন সত্য
ঈমানটাকে সতেজ করায়
নামাজ মহা পথ্য।

www.pathagar.com

# রোজা

একটি মাসের রোজা দিয়ে
আত্মা হবে শুদ্ধ
জীবন গড়ায় রোজা-রাখা
সবার সেরা যুদ্ধ।

রোযা দিয়ে মুসলমানের
ঈমান হয় পাক্‌কা।
গুনা-খাত্তা মাফ নিয়ে
মুমেন হয় ছাক্‌কা।

www.pathagar.com

# হজ্জ

বিশ্ব মুমেন হবে হাজির
কাবা জিয়ারতে
ভাবের আদান-প্রদান হবে
ঐক্য হবে মতে।

কবুল হজ্জে পুণ্য মিলে
গুনা হবে মাফ
পাক্‌কা মুমেন খোদার তরে
ঈমান হবে ছাফ।




www.pathagar.com

# যাকাত

যাকাত দিয়ে টাকা-কড়ি
করে নাও শুদ্ধ
সার্থ-মোহে যাকাত দেয়
সবার সেরা বুদ্ধ।

যাকাত হল ধনীর প্রতি
খোদার দেয়া কানুন
ভাল সমাজ গড়তে হলে
সবাই তা মানুন।



www.pathagar.com

# জিহাদ



জিহাদ কর খোদার পথে
ঈমান হবে সাচ্চা
শির্‌ক-বিদা'ত বিতাড়িত
মুমিন হবে আচ্ছা।

অর্থ-কড়ি, শক্তি-সাহস
জিহাদেরই পণ্য
হয়ত শহীদ, নয়ত গাজী
জীবন হবে ধন্য।

www.pathagar.com

# শির্ক-বিদা'ত

নামে হল খোদার গোলাম
কাজে পুরো উল্টা
জড়বাদী শিক্ষাই তো
বাধলো এই গোল্টা।

ব্যক্তি, সমাজ, রাষ্ট্র জোড়া
সবই খোদার রাজ্য
কোরআন-হাদীস চলবে তথা
মনগড়া সব ত্যাজ্য।

www.pathagar.com

# মানুষ

মানুষ এল ধরার বুকে
খোদার হুকুম মানতে
নবী-রাসূল, কোরআন-হাদীস
নেইকো তাড়া জানতে।

বেহেশ্‌ত পাবে, ধন্য হবে
মুমেন হবে যারা
দোযখ হলে শেষ ঠিকানা
জীবন হবে সারা।

www.pathagar.com

# ইসলাম



ইসলাম এল ধরার বুকে
সব মানুষের তরে
থাকবে না আর শোষণ-তোষণ
শান্তি ঘরে ঘরে।

সাদা-কাল, রাজা-প্রজা
এক সারিতে যেথা
মনগড়া তন্ত্র-মন্ত্র
বাতিল হবে সেথা।

www.pathagar.com

# প্রার্থনা

বেঈমানীতে ডুবে গেছে
পুরো জাতির ভাগ্য
কোথায় প্রভু সেই সেনানী
নেতা হওয়ায় যোগ্য।

ওমর, আলী, আমীর হামযা
আমরা তাদের দল
মাড়িয়ে যাব বাতিল যত
দাও বাহুতে বল।

www.pathagar.com

www.pathagar.com

## লেখকের কথা

পাঠক মহলের অনুরোধে বইটির সপ্তম সংস্করণ প্রকাশ করতে হলো। কোমলমতি সোনামনিদের যথাসাধ্য সহজতরভাবে দ্বীনের পরিচয় জানাতেই আমাদের এই ক্ষুদ্র প্রয়াস।

আল্লাহ আমাদের এই প্রয়াসকে কবুল করুন। আমিন।

**সপ্তম মুদ্রণ**
নভেম্বর, ২০১৫

**অলংকরণ**
এম জি এ আলমগীর

**প্রচ্ছদ রিমেক**
নাসির উদ্দীন

দাম : ৪০.০০

**প্রকাশনায়**
আহসান পাবলিকেশন
কাটাবন বাংলাবাজার মগবাজার
www: ahsanpublication.com

ISBN 984-32-2799-9

www.pathagar.com